যুগান্তর

তারিখ 12 MAY 2015
পৃষ্ঠা ... কলাম ...

গণসংহতি সমাবেশ

# বুয়েট ছাত্রলীগ সভাপতি ও সম্পাদকের বহিষ্কারাদেশ প্রত্যাহার দাবি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) থেকে ছাত্রলীগ (বুয়েট শাখা) সভাপতি শুভ্রজ্যোতি টিকাদার ও সাধারণ সম্পাদক আবু সাঈদ কনকের আজীবন বহিষ্কারাদেশ দ্রুত প্রত্যাহারের দাবি জানিয়েছে বাংলাদেশ ছাত্রলীগ। একই সঙ্গে মৃত্যুদণ্ডপ্রাপ্ত জামায়াত নেতা কামারুজ্জামানের রায় নিয়ে বিরূপ মন্তব্যকারী অধ্যাপক ড. জাহাঙ্গীর আলমের অপসারণসহ ৫ দফা দাবি জানায় সংগঠনটি। দাবি আদায়ে বুধবার সকাল ১০টায় বুয়েটের প্রশাসনিক ভবন ঘেরাওয়ের কর্মসূচি ঘোষণা দিয়েছে ছাত্রলীগ। সোমবার সকালে বুয়েটের কেন্দ্রীয় শহীদ মিনারের পাদদেশে অধ্যাপক জাহাঙ্গীর আলমসহ সব জামায়াত সমর্থিত শিক্ষকদের সর্বোচ্চ শাস্তি দাবিতে আয়োজিত গণসংহতি সমাবেশ থেকে এসব দাবি করা হয়। বুয়েট শাখা ছাত্রলীগ সমাবেশের আয়োজন করে।

সমাবেশে সংহতি প্রকাশ করেন ছাত্রলীগ কেন্দ্রীয় সভাপতি এইচএম বদিউজ্জামান সোহাগ, সম্পাদক সিদ্দিকী নাজমুল আলম, সহসভাপতি জয়দেব নন্দী, যুগ্ম সম্পাদক মোস্তাফিজুর রহমান মোস্তাক, হাসানুজ্জামান তারেক, শারমিন সুলতানা লিলি, সাংগঠনিক সম্পাদক এসএম তরিকুল ইসলাম, ঢাবি ছাত্রলীগ সভাপতি মেহেদী হাসান, সম্পাদক ওমর শরীফ প্রমুখ। পরে সন্ধ্যা ৬টায় সমাবেশে কেন্দ্রীয় ছাত্রলীগের পক্ষ থেকে বুয়েট প্রশাসনের কাছে ৫ দফা দাবি উত্থাপন করা হয়।